প্রথম আলো

তারিখ ... 08 SEP 2008
পৃষ্ঠা - ৬ ... কলাম - ৫

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের শিক্ষার্থীদের কম্পিউটার শিক্ষা বাধ্যমূলক হচ্ছে

নবম, দশম ও উচ্চমাধ্যমিক শ্রেণীর শিক্ষার্থীদের জন্য কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি শিক্ষা বাধ্যতামূলক করতে যাচ্ছে সরকার। দেশে কম্পিউটার শিক্ষার প্রসারের জন্য এ সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। পাশাপাশি এসব শ্রেণীর পাঠ্যবইকেও আরও সহজ, আকর্ষণীয় ও সময়োপযোগী করার সিদ্ধান্ত নেওয়া হচ্ছে।

সরকারের শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমানের সভাপতিত্বে গতকাল রোববার এক বৈঠকে এসব সিদ্ধান্ত নেওয়া হয়। কম্পিউটার শিক্ষা সহজতর করার লক্ষ্যে দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে কম্পিউটার সরবরাহ ও টেকনিশিয়ান নিয়োগের ব্যাপারেও বৈঠকে বিস্তারিত আলোচনা হয়েছে। খবর ইউএনবির।

শিক্ষাসচিব এম মমতাজুল ইসলাম, বিজ্ঞান ও তথ্য যোগাযোগপ্রযুক্তিসচিব শেখ এম ওয়াহিদুজ্জামান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মুহাম্মদ ইব্রাহিম, অধ্যাপক লুৎফর রহমান, অধ্যাপক এম হায়দার আলী, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, জাতীয় পাঠ্যক্রম ও টেক্সট বুক বোর্ডের চেয়ারম্যান, সব শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকেরা বৈঠকে উপস্থিত ছিলেন।